সিলেট অনলাইন প্রেসক্লাবের নতুন সদস্য পদে দরখাস্ত আহ্বান

চেম্বার ডেস্ক: ডিজিটাল সাংবাদিকতার স্মারক প্রতিষ্ঠান সিলেট অনলাইন প্রেসক্লাবের নতুন সদস্য পদে দরখাস্ত আহবান করা হয়েছে।

সরকার কর্তৃক নিবন্ধিত অনলাইন গণমাধ্যম অথবা অন্যান্য গণমাধ্যমের অনলাইন প্লাটফর্মে কর্মরত প্রকৃত সাংবাদিক যারা সিলেট সদরে বসবাস করছেন কেবল তারাই আবেদন করতে পারবেন।আবেদনের বিস্তারিত নিয়মাবলী আবেদন পত্রের সাথে পাওয়া যাবে।

আগামীকাল বৃহস্পতিবার (১২ সেপ্টেম্বর) থেকে ২৬ সেপ্টেম্বর পর্যন্ত (শুক্রবার ছাড়া) সদস্য ফরম ক্লাব থেকে সংগ্রহ ও জমা দেওয়া যাবে। প্রতিদিন বিকাল ৩ ঘটিকা থেকে রাত ৯ ঘটিকা পর্যন্ত নগরীর বন্দরবাজার মধুবন সুপার মার্কেটের চতুর্থ তলায় অবস্থিত ‘সিলেট অনলাইন প্রেসক্লাবের’ এর নিজস্ব কার্যালয় থেকে তিনশত টাকা জমা দিয়ে ফরম সংগ্রহ করা যাবে।